# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৫৮

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তির জন্য উত্তম হলো নিজের ও নিজের পরিবারের জন্য দুআ করার চেয়ে কবরের আযাব ও জাহান্নামের আযাব থেকে আশ্রয় চাওয়া উত্তম

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ تَعَوُّذَ الْمَرْءِ مِنْ عَذَابِ النَّارِ وَعَذَابِ الْقَبْرِ أَفْضَلُ مِنْ دُعَائِهِ لِنَفْسِهِ وأهل بيته

---

আরবী

2958 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا جَعْفَرُ بْنُ عَوْنٍ قَالَ: حَدَّثَنَا مِسْعَرٌ عَنْ عَلْقَمَةَ بْنِ مَرْثَدٍ عَنِ الْمُغِيرَةِ الْيَشْكُرِيِّ عَنِ الْمَعْرُورِ بْنِ سُوَيْدٍ عَنِ ابْنِ مَسْعُودٍ قَالَ: قَالَتْ أُمُّ حَبِيبَةَ: اللَّهُمَّ بَارِكْ لِي فِي زَوْجِي رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَبِي أَبِي سُفْيَانَ وَأَخِي مُعَاوِيَةَ فقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَقَدْ سَأَلْتِ اللَّهَ عَنْ آجَالٍ مَضْرُوبَةٍ وَآثَارٍ مَبْلُوغَةٍ وَأَرْزَاقٍ مَقْسُومَةٍ لَا يُعَجَّلُ مِنْهَا شَيْءٌ قَبْلَ حِلِّهِ فَلَوْ سَأَلْتِ اللَّهَ أَنْ يُعِيذَكِ مِنْ عَذَابِ النَّارِ أَوْ عَذَابِ الْقَبْرِ كَانَ خَيْرًا أو كان أفضل -).
الراوي : ابْنِ مَسْعُودٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2958 | خلاصة حكم المحدث: صحيح ـ ((ظلال الجنة)) (262).

বাংলা

২৯৫৮. আব্দুল্লাহ বিন মাস‘উদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “উম্মু হাবীবা রাদ্বিয়াল্লাহু আনহা একবার দু‘আ করেন, اللَّهُمَّ بَارِكَ لِي فِي زَوْجِي رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَبِي أَبِي سُفْيَانَ وَأَخِي مُعَاوِيَةَ (হে আল্লাহ, আমার স্বামী আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আমার বাবা আবূ সুফিয়ান রাদ্বিয়াল্লাহু আনহু এবং আমার ভাই মুয়াবিয়া রাদ্বিয়াল্লাহু আনহুর প্রতি আপনি বারাকাহ অবতীর্ণ করুন)।”

তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “তুমি আল্লাহর কাছে প্রার্থনা করেছো এমন আয়ুষ্কাল, যা সুনির্ধারিত, এমন পদক্ষেপ, যে পর্যন্ত পৌঁছতে হবেই, এমন রিযিক, যা পূর্ব বন্টিত-এগুলো যথা সময়ের আগে সংঘটিত হবে না। যদি তুমি কবরের আযাব অথবা জাহান্নামের আযাব থেকে আশ্রয় চাইতে, তবে সেটাই

কল্যাণকর বা উত্তম হতো।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৩৯০; সহীহ মুসলিম: ২৬৬৩; ইবনু আবী আসিম, আস সুন্নাহ: ২৬২; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৩৬২।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (যিলালুল জান্নাহ: ২৬২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92288

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন